



লালমাটিয়া সরকারি মহিলা কলেজ  
লালমাটিয়া, ঢাকা-১২০৭

বিজ্ঞপ্তি  
তারিখ : ০৬/১২/২০২৩ খ্রি:

লালমাটিয়া সরকারি মহিলা কলেজে ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থী ও অভিভাবকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, লালমাটিয়া মহিলা কলেজ বিগত ৩০/১২/২০২১ খ্রি. তারিখ থেকে সরকারিকরণ করা হয়। কলেজ সরকারিকরণ হলেও শিক্ষক-কর্মচারীদের আত্তীকরণের কাজ এখনও চলমান রয়েছে। বর্তমানে অত্র কলেজে ১৭৩ জন শিক্ষক-কর্মচারী কর্মরত রয়েছেন। শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা সরকার থেকে না পাওয়ায় কলেজে থেকে নির্বাহ করা হয়। এ কারণে একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত মোতাবেক অত্যাৱশ্যকীয় ব্যয় খাতে বছরে এককালীন উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের নিকট থেকে ৫০০০/- টাকা, প্রফেশাল কোর্সে সেমিস্টার প্রতি ৬০০০/- টাকা এবং স্নাতক-স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীদের নিকট থেকে ৯০০০/- টাকা করে আদায় করা হতো। বর্তমানে ৫০ জন শিক্ষক ও ৯ জন কর্মচারী আত্তীকৃত হওয়ায় অত্যাৱশ্যকীয় ব্যয় খাতের ফি হ্রাস করে উচ্চ মাধ্যমিক থেকে স্নাতকোত্তর শ্রেণির শিক্ষার্থীদের নিকট থেকে বছরে এককালীন ১০০০/- (এক হাজার) টাকা আদায় করার বিষয়ে বিগত ০৪/১২/২০২৩ খ্রি. তারিখে একাডেমিক কাউন্সিলের সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। যা ডিসেম্বর ২০২৩ খ্রি. থেকে কার্যকর হবে।

  
অধ্যক্ষ ০৬/১২/২৩

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ  
লালমাটিয়া, ঢাকা-১২০৭।

  
০৬/১২/২০২৩